

স্মারক নং- ইআবি/জনসংযোগ,ত.ও প./সংবাদ বিজ্ঞপ্তি/২০২০/০০০৫

তারিখ : ০৭-০৭-২০২০ খ্রিস্টাব্দ

বরাবর  
সম্পাদক  
সকল দৈনিক পত্রিকা ও ইলেকট্রনিক মিডিয়া

দৃষ্টি আকর্ষণ : বার্তা সম্পাদক/ চীফ রিপোর্টার/ শিক্ষা রিপোর্টার।

বিষয়: সংবাদ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের নিম্নোক্ত সংবাদ বিজ্ঞপ্তিটি আপনার বহুল প্রচারিত দৈনিক পত্রিকা / ইলেকট্রনিক মিডিয়া/ অনলাইন মিডিয়া সহ সকল প্রচার মাধ্যমে প্রকাশ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।


## শোক সংবাদ



### ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার ড. মোঃ আবু হানিফা এর পিতা মাওলানা ছফির উদ্দিনের মৃত্যুতে মাননীয় উপাচার্যের শোক প্রকাশ

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের উপ-রেজিস্ট্রার ড. মোঃ আবু হানিফা এর পিতা মাওলানা ছফির উদ্দিন আজ মঙ্গলবার দুপুর ২.০০ টায় বার্ষিকজনিত কারণে নিজ বাড়িতে ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৪ বছর। মাওলানা ছফির উদ্দিন কিরাটন ইসলামিয়া ফাজিল মাদরাসার অধ্যক্ষ হিসেবে দায়িত্ব পালন করেছেন। তিনি ১৯৯৭ সালে বিভাগীয় অধ্যক্ষ ক্যাটাগরিতে প্রধানমন্ত্রী গোল্ড মেডেল পান। তিনি স্ত্রী ও ৯ সন্তানসহ অসংখ্য গুনগ্রাহী রেখে গেছেন। মরহুমের নামাজে জানাজা আগামীকাল বুধবার সকাল ৯.০০ ঘটিকায় তার নিজ বাড়ি কিশোরগঞ্জ জেলার করিমগঞ্জ উপজেলার রতনপুর গ্রামে অনুষ্ঠিত হবে। নামাজে জানাজা শেষে তাকে পারিবারিক কবরস্থানে দাফন করা হবে।

মরহুমের মৃত্যুতে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মুহাম্মদ আহসান উল্লাহ, ট্রেজারার, জনাব এস.এম. এহসান কবীর, রেজিস্ট্রার, জনাব এ. এস. মাহমুদ, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) মোঃ রেজাউল করিম, পরীক্ষা নিয়ন্ত্রক প্রফেসর সিরাজ উদ্দিন আহম্মাদ, পরিচালক অর্থ ও হিসাব, প্রফেসর ড. মোঃ গোলাম আজম আযাদ, সহকারী অধ্যাপক ড. জাভেদ আহম্মাদ, সহকারী রেজিস্ট্রার জনাব মোঃ জাকির হোসেন ও জনাব ফাহাদ আহম্মদ মোমতাজী, সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব মোঃ জিয়াউর রহমান সহ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ গভীর শোক প্রকাশ করেছেন।



(এ. এস. মাহমুদ)  
রেজিস্ট্রার

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়।

অনুলিপি :

- আইসিটি শাখা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- অফিস নথি।